



152188 - ইদ্দত পালনকারী নারী তার বাসার সাথে লাগোয়া ভাইয়ের বাসায় মহেমানদেরকে রসিভি করতে যাওয়া

প্রশ্ন

আমার স্বামী মারা গেছেন। মুফতদিরে মতামত অনুযায়ী আমি আমার পরিবারের বাসায় ইদ্দত পালন করছি। আমাকে দেখতে অনেকে মানুষ আসায় আমার মা বিরক্ত হন। আমার ভাইয়েরা আমার পতির বাসার পাশেই থাকেন। আমার বাবার বাসার দয়োল ও ভাইয়ের বাসার দয়োল একটাই। আমার মহেমানদেরকে রসিভি করার জন্য আমি আমার ভাইয়ের বাসায় যাওয়া কি জায়গে হবে; যাতা করে আমার মা বিরক্ত না হন। এরপর মহেমানরা চলে যাওয়ার সাথে সাথেই আমি আমার বাবার বাসায় ফিরে আসব। দয়োল একটাই। আমি হিজায় ছাড়াই যতে পারি; যহেতে তার বাসা আমার বাবার সাথে লাগানো। এটা কি জায়গে হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

স্বামী-মৃত্যুর ইদ্দত পালনকারী নারী যে কোন প্রয়োজনে দিনের বেলায় ঘর থেকে বের হতে পারেন; তবে রাতের বেলায় জরুরী কিছু ছাড়া বের হবেন না।

ইবনে কুদামা (রহঃ) “আল-মুগনী” গ্রন্থে (৮/১৩০) বলেন: “ইদ্দত পালনকারী নারী নিজ প্রয়োজনে দিনের বেলায় বের হতে পারেন; হোক না সেই নারী তালাক্বপ্রাপ্ত কথিবা বধিবা। যহেতে জাবরে (রাঃ) বলেন: আমার খালার তিনি তালাক্ব হয়ে গেলে। তখন তিনি তার খজের গাছ কাটার জন্য বের হলে এক লোকের সাথে সাক্ষাৎ হলো। সেই লোক তাকে নষিধে করলেন। তখন তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বিষয়টি উল্লেখ করলেন। তিনি বলেন: আপনি বের হন এবং আপনার খজের গাছ কাটুন। আশা করি আপনি সটো থেকে দান করবেন কথিবা কল্যাণকর কিছু করবেন।”[সুনানে নাসাঈ, সুনানে আবু দাউদ]

মুজাহদি বর্ণনা করেন, তিনি বলেন: “উহুদরে যুদ্ধের দিন কিছু লোক শহীদ হলেন। তখন তাদের স্ত্রীরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলল: ইয়া রাসূলুল্লাহ! আমরা রাত্রে একাকীত্ব অনুভব করি। আমরা কিসবাই একজনরে ঘরে রাত্রি যাপন করতে পারি? সকাল হলে অবলিম্বে আমরা যার যার বাসায় চলে যাব। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: আপনারা একজনরে বাসায় সবাই গল্প করুন। যখন ঘুমাতো চাইবনে তখন প্রত্যেকে নিজের বাসায় চলে যাবেন।”



ইদ্দত পালনকারী নারী তার বাসা ছাড়া অন্যত্র রাত্রি যাপন করবেন না। জরুরী পরিস্থিতি ছাড়া রাত্রে বেলোয় বরে হবেন না। যহেতে রাত্রে ফাসাদ ঘটর সম্ভাবনাময় সময়; দনি এর বপিরীত। যহেতে দনিরে বেলো নজিরে প্রয়োজন ও জীবিকা পূরণ এবং প্রয়োজনীয় কছি ক্রয় করার সময়।[সমাপ্ত]

স্থায়ী কমটির ফতোয়াতে (২০/৪৪০) এসছে: “মূল বধিন হলো: নারী তার স্বামীর বাসায় রাত্রি যাপন করবে; যবে বাসায় থাকা অবস্থায় তার স্বামী মারা গছে। কোন প্রয়োজন বা জরুরী কছি ছাড়া সে বাসা থেকে বরে হবেন না; যমেন অসুস্থতার কারণে হাসপাতালে যাওয়া, বাজার থেকে রুটি বা এ জাতীয় কছি কনো; যদি তাকে এগুলো কনি দেয়ার কটে না থাকে।”[সমাপ্ত]

উপরোক্ত আলোচনার প্রক্ষেতি, আপনার জন্য দনিরে বেলোয় আপনার ভাইয়ের বাসায় যাওয়া জায়যে হবে; যাতে করে আপনার সাথে যারা দেখে করতে আসে তাদের সাথে আপনি সাক্ষাত করতে পারনে; যদি এই ধরণে সাক্ষাতে আপনার মা বিরিক্ত হন।

ইদ্দত পালনকারী নারী কোন কোন বিষয় থেকে বিরিত থাকবেন সেটি জানতে [10670](#) নং প্রশ্নোত্তরটি পড়ুন।

আল্লাহই সর্বজ্ঞ।